সংবাদ

তারিখ ... 16 NOV 2015 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

# ইবিতে প্রশ্ন ফাঁসের চেষ্টা ছাত্রলীগ নেতা আটক

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষায় প্রশ্ন ফাঁসের চেষ্টায় ইবি শাখা ছাত্রলীগের সাবেক যুগ্ম সাধারন সম্পাদক মাসুদ রানাকে আটক করা হয়েছে বলে প্রতক্ষ্যদর্শী সূত্রে জানা গেছে। এদিকে সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১০ পর্যন্ত ধর্মতত্ত্ব অনুষদভুক্ত 'এ' ইউনিট ও বেলা সাড়ে ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত 'বি' ইউনিটের প্রথম পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ক্যাম্পাস ঘুরে জানা গেছে, সকাল থেকেই ভর্তিচ্ছুরা ক্যাম্পাসে আসা শুরু করে। উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে 'এ' ইউনিটের পরীক্ষা শেষ হয়েছে। এবছরে 'এ' ইউনিটে মোট ২১৫৯ জন পরীক্ষার্থী অংশ গ্রহন করছে। এদিকে বেলা সাড়ে ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত মানবিক অনুষদভুক্ত 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। 'বি' ইউনিটের ৩২০ আসনের বিপরীতে ১৪২৮০জন ভর্তিচ্ছু অংশ গ্রহন করছে। প্রতক্ষ্যদর্শীরা জানায়, 'বি' ইউনিটের পরীক্ষার শুরুতেই অনুষদ ভবন থেকে প্রশ্ন ফাঁসের অপচেষ্টায় হাতে নাতে ধরা পরে ইবি ছাত্রলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মাসুদ রানা। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. মাহবুবর রহমান তাকে হাতেনাতে আটক করেন। তাৎক্ষণিক তাকে ভ্রাম্যমাণ আদালতে তাকে সমর্পণ করেন। তবে এখনো তার বিরুদ্ধে কোন মামলা দায়ের করা হয়নি, তাকে পুলিশ হেফাজতে রাখা হয়েছে বলে জানিয়েছেন প্রক্টর। বিগত বছরেও এই ছাত্রলীগ নেতার বিরুদ্ধে মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে প্রশ্ন ফাঁসের অভিযোগ রয়েছে বলে জানিয়েছেন প্রক্টর।